



নং- ০৭.০৩.০০০০.০০৪.০১.১০৮.২৪.৩৫৭

তারিখঃ ১৭/০৪/২০২৪খ্রিঃ

পরিপত্র

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় এবং এর আওতাধীন সকল চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস, ডিসট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসসমূহে কর্মরত কর্মচারীগণকে ২০২৩-২৪ অর্থ বছরে সম্মানী প্রদানের নিমিত্ত সুপারিশযোগ্য নামের তালিকার হার্ড কপি প্রেরণের পাশাপাশি সফট কপির pdf ফাইল আগামী ২৫ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখের মধ্যে নিম্নে বর্ণিত ছক মোতাবেক সিজিএ কার্যালয়ের “বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা” শাখার অনুকূলে bem@cga.gov.bd ঠিকানায় আবশ্যিকভাবে ইমেইল করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সম্মানী প্রদানের লক্ষ্যে নাম সুপারিশ করার সময় নিম্ন বর্ণিত শর্তসমূহের প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে:

- সম্মানী সুপারিশের ক্ষেত্রে এফ আর ৪৬(বি) এবং বিএসআর (১ম খন্ড) এর ৬ নং অধ্যায়ের ধারাসমূহ কঠোরভাবে প্রতিপালন করতে হবে;
- বর্তমান আর্থিক বছরে যে সকল কর্মচারীর নামে শৃংখলামূলক কেইস প্রক্রিয়াধীন আছে এবং শৃংখলামূলক কেইসে সাজাপ্রাপ্ত হয়েছেন তাদের নাম সম্মানীর জন্য সুপারিশ করার প্রয়োজন নাই;
- বর্তমান আর্থিক বছরে পি আর এল ভোগরত যে সকল কর্মচারী ৩(তিন) মাস বা তার অধিক সময় কর্মরত ছিলেন তাদের নাম সম্মানীর জন্য সুপারিশ করা যেতে পারে;
- বর্তমান আর্থিক বছরে যে সকল কর্মচারী সিজিএ'র নিয়ন্ত্রণাধীন এক অফিস হতে অন্য অফিসে বদলী হয়েছেন তাদের ক্ষেত্রে যে অফিসে তারা ৬(ছয়) মাস বা তার অধিক সময় কর্মরত ছিলেন সেখান থেকে সুপারিশ প্রেরণ করতে হবে এবং এরূপ ক্ষেত্রে অন্য অফিস হতে সুপারিশ প্রেরণ করা হয়নি মর্মে প্রত্যয়ন দিতে হবে;
- প্রেষণ হতে প্রত্যাগত কর্মচারীগণ যারা বর্তমান আর্থিক বছরে ৬(ছয়) মাস বা তার অধিক সময় প্রেষনে কর্মরত ছিলেন তাদের ক্ষেত্রে প্রেষণে কর্মরত অফিস হতে সম্মানী প্রদান করা হয়নি মর্মে প্রত্যয়নসহ সুপারিশ প্রেরণ করতে হবে;
- চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে অবশ্যই চলতি দায়িত্ব কথাটি উল্লেখ করতে হবে;
- যথাযথভাবে হিসাব সম্পন্নকরণসহ হিসাবের ভুলত্রুটি নিরসনে গাফিলতির বিষয়টি পরিলক্ষিত হলে তাদের নাম সম্মানীর জন্য সুপারিশ করার প্রয়োজন নাই;
- উল্লেখ্য, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রাপ্তির উপর সম্মানী প্রাপ্তির বিষয়টি নির্ভর করে।

“ছক”

ক্রমিক	নাম, পদবী ও জন্ম তারিখ	চাকরীতে যোগদানের তারিখ	পূর্ববর্তী কর্মস্থলের নাম ও যোগদানের তারিখ	বর্তমান কর্মস্থলের নাম ও যোগদানের তারিখ	বেতন স্কেল	মূল বেতন	প্রযোজ্য ক্ষেত্রে পিআরএল এ গমনের তারিখ	কর্মরত মোট কর্মচারীর সংখ্যা	সুপারিশকৃত মোট কর্মচারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

স্বাক্ষরিত

(মোঃ আব্দুর রাজ্জাক)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা)

ফোনঃ ৮৩৯২৬৯৯।

নং- ০৭.০৩.০০০০.০০৪.০১.১০৮.২৪.৩৫৭

তারিখঃ ১৭/০৪/২০২৪খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)। [অধীনস্থ অফিসসমূহে অবহিত করণের অনুরোধসহ]
- ৩। ডিসট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল)।
- ৫। শাখা অফিসার (প্রশা-১/প্রশা-২/সংস্থাপন) [ছক অনুযায়ী সিজিএ মূল কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা প্রস্তুত করতঃনির্ধারিত তারিখের মধ্যে ব্যয় নিয়ন্ত্রণ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৬। পিএটু অতিঃ সিজিএ (প্রশা/হিসাব)/ডিসিজিএ (প্রশা/হিসাব/দক্ষতা ও শৃঙ্খলা/পদ্ধতি/পরিদর্শন)।
- ৭। অফিস কপি।

১/০৪/২৪

(জান্নাতুন নাঈম)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা শাখা।